

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৬

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ নফল সালাত ঘরে আদায় করার ফ্যীলত।

باب مَا جَاءَ فِي فَضْلِ صَلَاةِ التَّطَقُّع فِي الْبَيْتِ

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ مِسْعَرٍ، وَسُفْيَانَ، عَنْ زِيَادِ بْنِ عَلاَقَةَ، عَنْ عَمِّهِ، قُطْبَةَ بْنِ مَالِكٍ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقْرَأُ فِي الْفَجْرِ: (وَالنَّحْلَ بَاسِقَاتٍ) فِي الرَّكْعَةِ الأُولَى. قَالَ وَفِي الْبَابِ عَنْ عَمْرِو بْنِ حُرَيْتْ وَجَابِرِ بْنِ سَمُرَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ السَّائِبِ وَأَبِي بَرْزَةَ وَأُمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ قُطْبَةَ بْنِ مَالِكُ حَديثٌ حَسَنٌ السَّائِبِ وَأَبِي بَرْزَةَ وَأُمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ قُطْبَةَ بْنِ مَالِكُ حَديثٌ حَسَنٌ صَحَيِحٌ . وَرُويَ عَنِ النَّبِيِ صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأَ فِي الصَّبْحِ بِالْوَاقِعَةِ . وَرُويَ عَنْ أَنَّهُ كَانَ يَقْرَأُ فِي الْفَجْرِ مِنْ سِتِينَ آيَةً إِلَى مِائَةٍ . وَرُويَ عَنْهُ أَنَّهُ قَرَأً : (إِذَا الشَّمْسُ كُورَتْ) . وَرُويَ عَنْ عُمَرَ أَنَّهُ كَتَبَ إِلَى أَبِي مُوسَى أَنِ اقْرَأُ فِي الصَّبْحِ بِطِوَالِ الْمُفَصِّلِ كَوْرَتْ) . وَرُويَ عَنْ عُمَرَ أَنَّهُ كَتَبَ إِلَى أَبِي مُوسَى أَنِ اقْرَأُ فِي الصَّبْحِ بِطِوَالِ الْمُفَصِل وَالشَّافِعِيُّ . . قَالَ أَبُو عِيسَى وَعَلَى هَذَا الْعَمَلُ عِنْدَ أَهْلِ الْعِلْمِ وَبِهِ قَالَ سُفْيَانُ التَّوْرِيُّ وَابْنُ الْمُبَارِكِ وَالشَّافِعِيُّ .

বাংলা

৩০৬. হান্নাদ (রহঃ) কুতবা ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ফজরের প্রথম রাকআতে "ওয়ান্ নাখলা বাসিকাত" [কাফ ৫০:১০] তিলাওয়াত করতে শুনেছি। - ইবনু মাজাহ ৮১৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আমর ইবনু হ্রায়স, জাবির ইবনু সামূরা, আবদুল্লাহ ইবনু'স-সাইব, আবূ বার্যা ও উন্মু সালামা রাদিয়াল্লাহু আনহা থেকে হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ কুতায়বা ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। ফজরের সালাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূরা আল-ওয়াকিআ পড়েছেন বলেও বর্ণিত আছে। আরো বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের সালাতে ষাট থেকে একশত আয়াত তিলাওয়াত করতেন। তিনি তুঁত তুঁত তুঁত তুলাওয়াত করেছেন বলেও রিওয়ায়াত আছে। উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি আবূ মূসা আশআরী রাদিয়াল্লাহু আনহু-কে



ফজরের সালাতে তিওয়াল-মুফাসসাল* থেকে তিলাওয়াত করতে লিখেছিলেন। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আলিমগণ এতদনুসারে আমল গ্রহণ করেছেন। সুফইয়ান সাওরী, ইবনু মুবারক এবং শাফিঈ (রহঃ)-ও এই অভিমত ব্যক্ত করেছেন।

English

Qutbah bin Malik narrated:

"I heard Allah's Messenger reciting for Fajr: And tall date palms in the first Rak'ah.

ফুটনোট

*সূরা হুজরাত থেকে সূরা বুরুজের শেষ পর্যন্ত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কুত্ববাহ ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন